মেহেরপুরে ইজতেমায় মুসল্লিদের ঢল, জুমার নামাজে অংশ নিলেন হাজারো মানুষ

মেহেরপুরে তিন দিনব্যাপী আঞ্চলিক ইজতেমায় মুসল্লিদের ঢল নেমেছে। আজ শুক্রবার সকাল থেকেই মেহেরপুর সরকারি কলেজ মাঠে দেশের বিভিন্ন প্রান্ত থেকে হাজার হাজার মুসল্লি সমবেত হন। তাবলীগ জামাতের আয়োজনে গতকাল বৃহস্পতিবার শুরু হওয়া এ ইজতেমা আগামীকাল শনিবার আখেরি মোনাজাতের মধ্য দিয়ে শেষ হবে।

আজ শুক্রবার দুপুরে ইজতেমা মাঠে জুমার নামাজ অনুষ্ঠিত হয়। এতে হাজারো মুসল্লি অংশ নেন। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মো. জামিনুর রহমান খান, জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান এবং মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক মুহা. আবদুল্লাহ আল আমিনসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

ইজতেমা মাঠে মুসল্লিদের জন্য এলাকাভিত্তিক আলাদা জায়গা নির্ধারণ করা হয়েছে। দেশের বিভিন্ন জেলা থেকে আসা মুসল্লিরা সেখানে অবস্থান করছেন। শুক্রবার দিনভর মুসল্লিদের উপস্থিতি বাড়তে থাকে। আগামীকাল আখেরি মোনাজাতে অংশ নিতে আরও মুসল্লি আসবেন বলে আশা করছেন আয়োজকরা।

ইজতেমাকে কেন্দ্র করে নেওয়া হয়েছে কঠোর নিরাপত্তাব্যবস্থা। জেলা পুলিশের সদস্য, ফায়ার সার্ভিসের কর্মী এবং সাদা পোশাকের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা দায়িত্ব পালন করছেন।

এদিকে ইজতেমাকে ঘিরে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের পাশে গড়ে উঠেছে অসংখ্য অস্থায়ী দোকান। এসব দোকানে আতর, জায়নামাজ, পাঞ্জাবিসহ বিভিন্ন ধর্মীয় সামগ্রী ও মুখরোচক খাবার বিক্রি হচ্ছে।